সূচক ও লেনদেন কমেছে

সপ্তাহের দ্বিতীয় কার্যদিবসে দেশের উভয় স্টক এক্সচেঞ্জে মূল্যসূচকের নিম্নমুখী প্রবণতায় শেষ হয়েছে লেনদেন। তবে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্লু-চিপ ও শরিয়াহ সূচক কিছু পয়েন্ট যোগ করেছে। কেনাবেচা আগের দিনের চেয়ে কমেছে দুই স্টক এক্সচেঞ্জেই। বাজার পর্যবেক্ষণে দেখা যায়, সকালে সূচক বাড়তে শুরু করলেও আধা ঘন্টার মধ্যেই বিক্রয়াদেশ বাড়তে থাকে। দুপুর ১২টায় এক দফা উর্ধ্বমুখিতার পর আবারো পয়েন্ট হারাতে থাকে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রড ইনডেক্স ডিএসইএক্স। দিন শেষে সূচকটি ১০ দশমিক ৭৪ পয়েন্ট বা দশমিক ১৯ শতাংশ কমে দাঁড়ায় ৫ হাজার ৬৮৩ দশমিক ৫৪ পয়েন্টে। এদিকে ৫ দশমিক ৭৩ পয়েন্ট বা দশমিক ২৭ শতাংশ কমে ২ হাজার ১১৪ দশমিক ১৩ পয়েন্টে নেমেছে ঢাকার বাজারের ব্লু-চিপ সূচক ডিএস ৩০। আর ১ দশমিক ৭৫ পয়েন্ট বা দশমিক ১৩ শতাংশ কমে ১ হাজার ৩১৭ দশমিক ৯৭ পয়েন্টে অবস্থান করছে শরিয়াহ সূচক ডিএসইএস।http://bonikbarta.net

আমান কটনের চাঁদা গ্রহণ শুরু ৩ জুন

বুক বিল্ডিং পদ্ধতির প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) দ্বিতীয় ধাপে সাধারণ বিনিয়োগকারীদের কাছ থেকে চাঁদাগ্রহণের অনুমতি পেয়েছে আমান কটন ফাইব্রাস লিমিটেড। ৩ থেকে ১০ জুন পর্যন্ত এ কোম্পানির প্রাথমিক শেয়ারের সাবস্ক্রিপশন চলবে। ৩ মে কোম্পানিটিকে আইপিও সাবস্ক্রিপশন শুরুর জন্য সম্মতিপত্র দেয় নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। তথ্যানুসারে, ৬২৯তম কমিশন সভায় বুক বিল্ডিং পদ্ধতির আইপিওর মাধ্যমে আমান কটনকে ৮০ কোটি টাকা মূলধন উত্তোলনের অনুমোদন দেয় বিএসইসি। গত নভেম্বরে প্রথম দফায় যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (ইআই) বিডিংয়ে আমান কটনের প্রতিটি শেয়ারের জন্য ৪০ টাকা কাট-অফ প্রাইস নির্ধারিত হয়। এ দামে ১ কোটি ২৫ লাখ শেয়ার পাচ্ছে ইআইরা। আর বাকি অর্থ সংগ্রহের জন্য নিয়ম অনুযায়ী কাট-অফ প্রাইসের চেয়ে ১০ শতাংশ কম মূল্যে অর্থাত্ ৩৬ টাকা দরে সাধারণ বিনিয়োগকারীদের কাছে ৮৩ লাখ ৩৩ হাজার ৩৩৩টি শেয়ার বিক্রি করবে কোম্পানিটি। সে শেয়ারগুলো কেনার জন্যই চাঁদা ও আবেদন জমা দেবেন সাধারণ বিনিয়োগকারীরা।আইপিওর মাধ্যমে সংগৃহীত অর্থে কারখানার নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ ও আইপিও প্রক্রিয়ার খরচ বাবদ ব্যয় করবে আমান কটন। যন্ত্রপাতি ও সরঞ্জামের জন্য কোম্পানিটি ব্যয় করবে ৬৬ কোটি ৩৩ লাখ টাকা, ঋণ শোধে ব্যয় হবে ১০ কোটি ১৬ লাখ টাকা ও বাকি সাড়ে ৩ কোটি টাকা ব্যয় হবে আইপিও প্রক্রিয়ার ব্যয় নির্বাহে।http://bonikbarta.net

আমান কটনের চাঁদা গ্রহণ শুরু ৩ জুন

বুক বিল্ডিং পদ্ধতির প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) দ্বিতীয় ধাপে সাধারণ বিনিয়োগকারীদের কাছ থেকে চাঁদাগ্রহণের অনুমতি পেয়েছে আমান কটন ফাইব্রাস লিমিটেড। ৩ থেকে ১০ জুন পর্যন্ত এ কোম্পানির প্রাথমিক শেয়ারের সাবস্ক্রিপশন চলবে। ৩ মে কোম্পানিটিকে আইপিও সাবস্ক্রিপশন শুরুর জন্য সম্মতিপত্র দেয় নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। তথ্যানুসারে, ৬২৯তম কমিশন সভায় বুক বিল্ডিং পদ্ধতির আইপিওর মাধ্যমে আমান কটনকে ৮০ কোটি টাকা

মূলধন উত্তোলনের অনুমোদন দেয় বিএসইসি। গত নভেম্বরে প্রথম দফায় যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (ইআই) বিডিংয়ে আমান কটনের প্রতিটি শেয়ারের জন্য ৪০ টাকা কাট-অফ প্রাইস নির্ধারিত হয়। এ দামে ১ কোটি ২৫ লাখ শেয়ার পাচ্ছে ইআইরা। আর বাকি অর্থ সংগ্রহের জন্য নিয়ম অনুযায়ী কাট-অফ প্রাইসের চেয়ে ১০ শতাংশ কম মূল্যে অর্থাত্ ৩৬ টাকা দরে সাধারণ বিনিয়োগকারীদের কাছে ৮৩ লাখ ৩৩ হাজার ৩৩৩টি শেয়ার বিক্রি করবে কোম্পানিটি। সে শেয়ারগুলো কেনার জন্যই চাঁদা ও আবেদন জমা দেবেন সাধারণ বিনিয়োগকারীরা। আইপিওর মাধ্যমে সংগৃহীত অর্থে কারখানার নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ ও আইপিও প্রক্রিয়ার খরচ বাবদ ব্যয় করবে আমান কটন। যন্ত্রপাতি ও সরঞ্জামের জন্য কোম্পানিটি ব্যয় করবে ৬৬ কোটি ৩৩ লাখ টাকা, ঋণ শোধে ব্যয় হবে ১০ কোটি ১৬ লাখ টাকা ও বাকি সাড়ে ৩ কোটি টাকা ব্যয় হবে আইপিও প্রক্রিয়ার ব্যয় নির্বাহে।http://bonikbarta.net

টেকসই পরিবেশবান্ধব প্রবৃদ্ধির জন্য প্রয়োজন কার্যকর নীতিমালা

বাংলাদেশে মাথাপিছু কার্বন নিঃসরণের হার দশমিক ৩৮ টন। এ অবস্থায় পরিবেশ সুরক্ষিত রেখে দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য নানা কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় পরিবেশবান্ধব প্রবৃদ্ধি বা গ্রিন গ্রোথ নিশ্চিত করতে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানো হয়েছে। গড়ে উঠছে পরিবেশবান্ধব শিল্প-কারখানা। পরিবেশবান্ধব এ প্রবৃদ্ধিকে টেকসই করতে এখন কার্যকর নীতিমালা প্রণয়ন করা দরকার। গতকাল রাজধানীর মতিঝিলে মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সম্মেলন কক্ষে 'আ হাই-লেভেল ডায়ালগ অন গ্রিন গ্রোথ' শীর্ষক সংলাপে বক্তারা এমন মত ব্যক্ত করেন।http://bonikbarta.net

ওয়াল স্ট্রিটের পর এশিয়ার বাজারও চাঙ্গা

যুক্তরাষ্ট্রের শ্রমবাজারের প্রতিবেদন প্রকাশের পর গতকাল সোমবার এশিয়ার বেশির ভাগ শেয়ারবাজারে তেজিভাব বজায় ছিল। অবশ্য চীন-যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য দ্বন্দ্ব নিয়ে বিনিয়োগকারীদের মধ্যে উত্কণ্ঠা এখনো রয়ে গেছে এবং ইরানের সঙ্গে নিউক্লিয়ার চুক্তি থেকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সরে আসার সম্ভাবনা দেখা দেয়ার আশঙ্কায় তেলের মূল্য বৃদ্ধি পেয়েছে। খবর এএফপি, রয়টার্স। সপ্তাহের শেষ কর্মদিবস শুক্রবার নিউইয়র্কের তিনটি প্রধান সূচকেই উল্লেখযোগ্য পয়েন্ট যোগ হয়েছে। যুক্তরাষ্ট্রে নন-ফার্ম মজুরি প্রতিবেদনে দেখা যায়, বেকারত্বের হার ১৮ বছরের মধ্যে সর্বনিম্নে আছে; তবে এপ্রিলে প্রত্যাশার চেয়ে কম চাকরি সৃষ্টি হয়েছে এবং গড় আয় প্রাক্কলনের চেয়ে কম ছিল। এ প্রতিবেদন প্রকাশের পর নিউইয়র্কের শেয়ারবাজারের চাঙ্গাভাব দেখা যায়।http://bonikbarta.net

ওয়াল স্ট্রিটের পর এশিয়ার বাজারও চাঙ্গা

যুক্তরাষ্ট্রের শ্রমবাজারের প্রতিবেদন প্রকাশের পর গতকাল সোমবার এশিয়ার বেশির ভাগ শেয়ারবাজারে তেজিভাব বজায় ছিল। অবশ্য চীন-যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য দ্বন্দ্ব নিয়ে বিনিয়োগকারীদের মধ্যে উত্কণ্ঠা এখনো রয়ে গেছে এবং ইরানের সঙ্গে নিউক্লিয়ার চুক্তি থেকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সরে আসার সম্ভাবনা দেখা দেয়ার আশঙ্কায় তেলের মূল্য বৃদ্ধি পেয়েছে। খবর এএফপি, রয়টার্স।সপ্তাহের শেষ কর্মদিবস শুক্রবার নিউইয়র্কের তিনটি প্রধান সূচকেই উল্লেখযোগ্য পয়েন্ট যোগ হয়েছে। যুক্তরাষ্ট্রে নন-ফার্ম মজুরি প্রতিবেদনে দেখা যায়, বেকারত্বের হার ১৮ বছরের মধ্যে সর্বনিম্নে আছে; তবে এপ্রিলে প্রত্যাশার চেয়ে কম চাকরি সৃষ্টি হয়েছে এবং গড় আয় প্রাক্কলনের চেয়ে কম ছিল। এ প্রতিবেদন প্রকাশের পর নিউইয়র্কের শেয়ারবাজারের চাঙ্গাভাব দেখা যায়।http://bonikbarta.net